উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নংঃ ০৫.৪২.৮৪৩৬.২০৪.০১.০৭২.২০২২- ৪৪, তারিখঃ ২৪.১০.২০২২খ্রিঃ।

কাপ্তাই উপজেলা পরিষদের অক্টোবর/২০২২ মাসের মাসিক সাধারণ সভা নিম্নে প্রদত্ত তারিখ ও সময়সূচী অনুযায়ী আহবান করা হলোঃ-

| ক্রম | সভা সমূহের নাম | তারিখ ও সময় | ব্যবস্থাপনায় |
|---|---|---|---|
| ০১. | মাসিক সাধারণ সভা | ৩০.১০.২০২২ খ্রি. সকাল ১০:৩০ ঘটিকা | উপজেলা পরিষদ, কাপ্তাই। |

আগামী ২৭.১০.২০২২খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব দপ্তরের কার্যপত্র উপজেলা নির্বাহী অফিসারের দপ্তরে জমা দেয়ার জন্য এবং আগামী ৩০.১০.২০২২খ্রি. তারিখে উপজেলা পরিষদ সম্প্রসারিত প্রশাসনিক ভবনের " কিন্নরী " হলরুমে অনুষ্ঠিতব্য সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হল।

২৪/১০/২২

( মোঃ মফিজুল হক )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা

...............................................

...........................................................

কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নংঃ ০৫.৪২.৮৪৩৬.২০৪.০১.০৭২.২০২২- ৪৪, তারিখঃ ২৪.১০.২০২২খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২। মাননীয় সংসদ সদস্য, ২৯৯- পার্বত্য রাঙ্গামাটি।
৩। সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৬। ......................................................................................
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৮। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

24/10/22

( মুনতাসির জাহান )
উপজেলা নির্বাহী অফিসার
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা

## কাপ্তাই উপজেলা পরিষদের অক্টোবর, ২০২২ খ্রি. মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ মফিজুল হক, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

তারিখ : ৩০.১০.২০২২ খ্রি., সময় : ১১:৩০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সম্প্রসারিত প্রশাসনিক ভবন হল রুম(কিন্নরী), কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসারসহ উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর বিগত ২৬.০৯.২০২২খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোন সংশোধণী প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত এবং দৃঢ়ীকরণ করা হয়। অতপর বিভাগীয় দপ্তরসমূহ তাদের নিয়মিত কার্যক্রমসহ বিভিন্ন বিষয়ের ওপর আলোচনা উপস্থাপন করেন।

### বিভিন্ন বিভাগীয় কর্মকান্ডের ওপর আলোচনা ও সিদ্ধান্ত

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য বিভাগঃ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান যে, রোগীদের স্বাস্থ্য সেবাসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য সেবা কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০২. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগঃ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, গত মাসের উপজেলার সক্ষম দম্পতির সংখ্যা ১০৫৫২ জন, পদ্ধতি গ্রহণকারী সংখ্যা ৮২৪৭ জন, গ্রহনকারীর হার ৭৮.১৬%, সর্বমোট নতুন গ্রহীতা ১৮৮ জন, সংগঠিত স্যাটেলাইট ক্লিনিক ২৪টি, সেবা প্রদত্ত সাধারণ রোগী ৮২৭ জন। | দাপ্তরিক কার্যক্রম সমূহের ধারা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |
| ০৩. | উপজেলা কৃষি বিভাগঃ উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় মৌসুমে ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যের সার ও বীজ বিতরনের লক্ষ্যে ভূট্টা ৪৫ জন সরিষা ১৩০ জন ও সূর্যমুখী ১৫ জন উপজেলাওয়ারী কৃষক বিভাজন(সম্ভব্য) করা হয়ছে। অত্র উপজেলায় মৌসুমি বিভিন্ন মাঠ ফসল রোপন কার্যক্রম চলমান রয়েছে। অক্টোবর/২২ মাসের অত্র উপজেলায় ২৩ মে.টন সার বরাদ্দ পাওয়া যায়। যাহা অত্র উপজেলার ৩জন বিসিআইসি সার ডিলাদের মাঝে বন্টন করা হয়ছে। অক্টোবর/২২ মাসে সারের মজুদ ইউরিয়া- ১১ মে.টন, টিএসপি- ৮ মে.টন, এমওপি- ৫ মে.টন, ডিএপি- ৪ মে.টন। এছাড়াও বৃক্ষরোপন কার্যক্রম চলমান রয়েছে। মাঠ পর্যায়ে সকল কার্যক্রম মাঠ পর্যায়ে উপ সহকারী কর্মকর্তাদের তদারকি করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। | মাঠ পর্যায়ে কৃষকদের কৃষি বিষয়ক পরামর্শ প্রদান উঠান বৈঠকসহ নিয়মিত পরিদর্শন করার অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৪. | উপজেলা মৎস্য বিভাগঃ সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ০৫ একর জলায়তনের ক্রিক নির্মাণের জন্য রাইখালী ইউনিয়নে ০১টি ও চিৎমরম ইউনিয়নে ০১টি মোট ০২টি জায়গা প্রাথমিকভাবে নির্বাচন করা হয়। মাছে ফরমালিন পরীক্ষা ০৫টি এবং নিয়মিত মৎস্য চাষিদের নিয়মিত পরামর্শ প্রদান করা হচ্ছে। | অবৈধ জাল প্রতিরোধে নিয়মিত মোবাইল কোর্টসহ নিয়মিত প্রশিক্ষণসহ অন্যান্য পরিচালনা করার জন্য অনুরোধ জানানো হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৫. | উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তার প্রতিনিধি জানান যে, ১৩ অক্টোবর, ২০২২খ্রিঃ তারিখে ওয়াগ্গা কুকিমারাতে ভ্যাকসিনেশন ক্যাম্পেইন ও উঠান বৈঠকের আয়োজন করা হয়। উক্ত উঠান বৈঠকে পাহাড়ি গরুর জাত উন্নয়ন ও দুগ্ধবতী গাভী পালনে আধুনিক কৌশল নিয়ে বিস্তারিত আলোচনা করা হয় পাশাপাশি ঘাস চাষের বিষয়েও বিশদ আলোচনা করা হয়। তাছাড়া উপজেলা প্রাণিসম্পদ অফিস ও ভেটেরিনারী হাসপাতাল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভিন্ন ইউনিয়নে ক্যাম্পেইন করাসহ ভেটেনারী হাসপাতালে কার্যক্রম চলমান রাখার জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা |

| | | | |
|---|---|---|---|
| ০৬. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ টিআর কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদ ওয়ারী ১ম পর্যায়ে ১৫,৬৪,৭৩২/৯৯ টাকা বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দ দ্বারা ১৬টি প্রকল্প গৃহীত হয়েছে এবং প্রকল্পের কাজ ৬০% সমাপ্ত হয়েছে। গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিটা) কর্মসূচীর আওতায় উপজেলা পরিষদওয়ারী ১ম পর্যায়ে ২৩,৩৩,৩০২/- টাকা দ্বারা ১৪টি প্রকল্প, (কাবিটা) ১৫,৫,৫৫৫ মে.টন (চাল) দ্বারা ৫টি প্রকল্প, (কাবিটা) ১৫,৫,৫৫৫ মে.টন (গম) দ্বারা ০৪টি প্রকল্প গৃহীত হয়েছে। উক্ত প্রকল্পের কাজ ৫০% সমাপ্ত হয়েছে। রাইখালী ইউনিয়নে বীর মুক্তিযোদ্ধা ঘরের কাজসহ দপ্তরে অন্যান্য কাজ চলমান। | ইউপি চেয়ারম্যানদের ওয়ার্ড পর্যায়ে প্রকল্পসমূহ বাস্তবায়নে লক্ষ্যে নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পিআইও |
| ০৭. | উপজেলা সমাজ সেবা বিভাগঃ উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জানান যে, ভাতা ভোগীদের ভাতা বিতরণসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | যথাযথ বিধি মেনে ভাতা ভোগীদের ভাতা প্রদানের অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা |
| ০৮. | উপজেলা শিক্ষা বিভাগঃ উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি জানান যে, গণিত অলিম্পিয়াড ৬০ জন প্রাথমিক শিক্ষকদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। Covid School Sector Response(CSSR) এর আওতায় শিক্ষার্থীদের মূল্যায়নের জন্য শিক্ষকদের প্রশিক্ষণের নিমিত্তে পিটিআই, পটিয়া, চট্টগ্রামে ৫ জন শিক্ষকদের(২জন প্রধান শিক্ষক ও ৩ জন সহকারী শিক্ষক) প্রশিক্ষণ প্রদান করা হয়। জাতীয় শিক্ষার্থী মূল্যায়ন এসএসএ ২০২২ এর নিমিত্তে উপজেলার সকল বিদ্যালয়ের বাংলা এবং গণিত বিষয়ে পাঠদানকারী সকল শিক্ষকদের একদিনের জন্য অবহিতকরণ কর্মশালার আয়োজন করা হয়েছে। বিদ্যালয়ের নতুন ভবন নির্মাণের নিমিত্তে উপজেলা প্রকৌশলীসহ দেবতাছড়ি ও সাফছড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে লে আউট প্রদান করা হয়। | ১। প্রশিক্ষণের কার্যক্রমসহ বিদ্যালয়ে নিয়মিত পাঠদানের তদারকি ও পরিদর্শন অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়।<br>২। ৫-১১ বছর শিশুদের কোভিড-১৯ টিকা প্রদানের বিষয়ে নজর রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ০৯. | উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় (অক্টোবর-ডিসেম্বর) ২০২২ মেয়াদের প্রশিক্ষণ সদর কার্যলয় কর্তৃক সাময়িকভাবে স্থগিত করার নির্দেশনা পাওয়া গেছে। বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | প্রশিক্ষণের কার্যক্রম আরম্ভ হলে দাপ্তরিক ও প্রশিক্ষণের ধারা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১০. | উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরঃ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার জানান যে, ঋন তহবিল ২৫,৩৮,৮০০/- টাকা, মোট কিস্তি খেলাপী ২০২৪৩১/- টাকা ঋন খেলাপী ১৭,৪৮,৮৫৬/- টাকা, আদায়যোগ্য ৫৫৮০৮/- টাকা, আদায়কৃত ৫৮৩০৫/- আদায়ের হার ৮৩%,(ক্রমপুঞ্জিত), চলতি ঋন আদায়ের হার ৯৩%, ঋনের সংখ্যা ১১১৩ জন(ক্রমপুঞ্জিত), ৪৬৬৭ জন প্রশিক্ষনার্থীকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | ঋন কার্যক্রম ও প্রশিক্ষণ দেওয়ার বিষয়ে উপযুক্ত যুবদের সুযোগ সুবিধা দেওয়ার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১১. | উপজেলা প্রকৌশলীঃ উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি জানান যে, ২০২২-২৩ অর্থ বছরে এডিপি'র আওতায় প্রকল্প তালিকা সংশ্লিষ্টদের দ্রুত দাখিল করার জন্য অনুরোধ করেন। | ২০২২-২৩ অর্থ বছরে এডিপি'র আওতায় ইউপি চেয়ারম্যানসহ সংশ্লিষ্টদের প্রকল্প দাখিল করার অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১২. | জনস্বাস্থ্য বিভাগঃ উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ জানান যে, আজ বিশ্ব হাত ধোয়া দিবস উক্ত দিবস উপলক্ষে নিয়মিত হাত ধোয়ার জন্য সকলকে অনুরোধ জানান। এছাড়া কমিউনিটি টয়লেট, পাবলিক টয়লেট, ওয়াশ ব্লক নির্মাণ প্রকল্প কাজ ও মুজিব বর্ষ উপলক্ষে নির্মিত ঘরসমূহে টিউবওয়েল স্থাপন কাজ | সরকারি বিধি মেনে টিউবওয়েল স্থাপন কার্যক্রম সম্পন্ন করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহঃ প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌঃ অধিঃ |

| | | | |
|---|---|---|---|
| | সমাপ্ত হয়েছে। এছাড়াও অত্র উপজেলা বিভিন্ন ইউনিয়নে টিউবওয়েল স্থাপন কাজ ও কমিউনিটি টিউবওয়েল কাজ চলমান আছে। | | |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, গত মাসে পুঁজি গঠন ২৪৯.৫৪(ক্রমপুঞ্জিত) টাকা, ঋণ বিতরণ ২২.৫১ লক্ষ টাকা, ঋণ আদায় ২৫.০৯ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত- ঋণ বিতরণ ৫৫২৮.৮১ লক্ষ টাকা, ঋণ আদায় ৫০২৯.৭৬ লক্ষ টাকা। ঋন আদায়ের হার ৯৯%। | দাপ্তরিক কার্যক্রম সমূহের ধারা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা |
| ১৪. | উপজেলা সমবায় বিভাগঃ উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, ০৫ নভেম্বর, ২০২২ জাতীয় সমবায় দিবস পালিত হবে সকলকে উপস্থিত থাকার অনুরাধ করেন। এছাড়া মোট সমিতির সংখ্যা ৩৮টি, আদায়কৃত অডিট ফি ২৭৬১০/- টাকা, সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত ১৫৭৮৪/- টাকা। | দাপ্তরিক কার্যক্রম সমূহের ধারা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫. | বন বিভাগঃ রেঞ্জ কর্মকর্তা, কাপ্তাই সভায় অনুপস্থিত। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | রেঞ্জ কর্মকর্তা, কাপ্তাই রেঞ্জ |
| ১৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে, ০৬ নভেম্বর ২০২২ হতে এইচএসসি/সমমানের পরীক্ষা শুরু হবে। মাধ্যমিক পর্যায়ে অত্র ৩ টি মাধ্যমিক বিদ্যালয় এমপিও ভূক্ত করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। | আসন্ন এইচএসসি/সমমান পরীক্ষা প্রস্তুতি বিষয়ে সজাগ থাকার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১৭. | পরিসংখ্যান বিভাগঃ পরিসংখ্যান কর্মকর্তা জানান যে, জনশুমারি ও গৃহগণনা-২০২২ পরবর্তী পিইসি (পোস্ট এমারেশন চেক) ১০-১৬ অক্টোবর, ২০২২ কাপ্তাই উপজেলার চন্দ্রঘোনা ইউনিয়নের কোব্বাতের ঘোনায় সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সমূহের ধারা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান কর্মকর্তা |
| ১৮. | উপজেলা খাদ্য বিভাগঃ উপজেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিনিধি জানান যে, খাদ্য গুদামে চাউল ১৫০.০০০ মেঃ টন, গম ৯.০০০ মেঃটন মজুদ আছে। | দাপ্তরিক কার্যক্রম সমূহের ধারা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ১৯. | বিদ্যুৎ বিভাগঃ আবাসিক প্রকৌশলী, কাপ্তাই বিদ্যুৎ সরবরাহ সভায় অনুপস্থিত। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | আঃ প্রকৌশলী কাপ্তাই বিদ্যুৎ সরবরাহ কেন্দ্র |
| ২০. | উপজেলা নির্বাচন অফিসঃ উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা |
| ২১. | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান যে, আনসার ভিডিপি সদস্য গার্ড পরিদর্শন কার্যক্রম চলমান। মটোর, ড্রাইভিং ও মেকানিক প্রশিক্ষণে সাধারণ আনসার প্রেরণ করা হয়েছে। সুন্দর ও সুষ্ঠুভাবে দূর্গাপূজা সম্পন্ন হয়েছে। সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। | চলমান কার্যক্রমের ধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা আঃ ও ভিডিপি কর্মকর্তা |
| ২২. | তথ্য বিভাগঃ সহকারি তথ্য কর্মকর্তা সভায় অনুপস্থিত। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী তথ্য কর্মকর্তা |
| ২৩. | ইউ.আর.সিঃ ইন্সট্রাক্টর, ইউআরসি জানান যে, অক্টোবর/২২ মাসে ১৩.১০.২০২২খ্রিঃ হতে ১৮.১০.২০২২খ্রিঃ এবং ১৯.১০.২০২২খ্রিঃ হতে ২৪.১০.২০২২খ্রিঃ পর্যন্ত ২ব্যাচ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের বিষয় ভিত্তিক গণিত অলিম্পিয়াড পরিচালনা করা হয়। বিধি মোতাবেক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | চলমান কার্যক্রমের ধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | ইন্সট্রাক্টর ইউআরসি |
| ২৪. | পল্লী সঞ্চয় ব্যাংকঃ উপজেলা সমন্বয়ক জানান যে, এ মাসের ঋন বিতরণ= ২৯,৮০,০০০/- টাকা, ঋণ আদায়= ৩২,৭৪,১৫১/- টাকা, সঞ্চয় আদায়= ৫৫,৮৫১/- টাকা। | চলমান কার্যক্রমের ধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক |

| | | | |
|---|---|---|---|
| ২৫. | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, কাপ্তাইঃ উপজেলা প্রকল্প ব্যবস্থাপক প্রতিনিধি জানান যে, পাড়াকেন্দ্রের পাঠদান নিয়মিত চলছে এবং ক্লাষ্টার সভা, বাড়ি পরিদর্শন, উঠান বৈঠকসহ অন্যান্য সকল কার্যক্রম স্বাস্থ্য বিধি মেনে চলমান। কাপ্তাই ইউনিয়নের কুদুকছড়ি পাড়াকেন্দ্রে একটি ডিপটিউবওয়েল স্থাপনের কাজ চলমান।<br>এছাড়া কাপ্তাই উপজেলার ০৫টি ইউনিয়নে আগামী ২১, ২৩, ২৪, ২৭ ও ২৯ নভেম্বর, ২০২২খ্রিঃ তারিখে কোভিড পরবর্তী জনসচেতনতামূলক কমিউনিটি ডায়লগ কার্যক্রম অনুষ্ঠিত হবে। ওয়াগ্গা ইউনিয়নে তালুকদার পাড়া ও চন্দ্রঘোনা ইউনিয়নের বাদশামাঝির ঘোনা পাড়াকেন্দ্রের পাড়াকর্মী পদ নিয়োগের কার্যক্রম চলমান। | দাপ্তরিক কার্যক্রম সমূহের ধারা অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প ব্যবস্থাপক |
| ২৬. | ইসলামিক ফাউন্ডেশনঃ ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন জানান যে, মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের ২০২৩ সালের শিক্ষক নিয়োগ প্রক্রিয়া নভেম্বর শেষের দিকে শুরু হবে। | নিয়োগের কার্যক্রম সুন্দর ও সুষ্ঠভাবে সম্পন্ন করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ফিল্ড সুপারভাইজার |
| ২৭. | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সঃ সিনিয়র স্টেশন অফিসার জানান যে, নভেম্বর/২২ মাসে ফায়ার সার্ভিস সপ্তাহ শুরু হবে। সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। | ফায়ার সার্ভিস সপ্তাহ যথাযথভাবে পালনে অনুরোধ জানানো হয়। | ডিএডি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ২৮. | তথ্য সেবা অফিসঃ উপজেলা তথ্য সেবা কর্মকর্তা জানান যে, এ মাস হতে উঠান বৈঠক এর কার্যক্রম চলমান থাকবে। এছাড়া তথ্যকেন্দ্র হতে অনলাইন সেবা, প্রাথমিক স্বাস্থ্য সেবা, ডোর টু ডোর কার্যক্রম চলমান। | চলমান কার্যক্রমের ধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা |
| ২৯. | মৎস্য উন্নয়ন কর্পোরেশনঃ উপকেন্দ্র প্রধান, মৎস্য উন্নয়ন কর্পোরেশন জানান যে, মৎস্য আহরণ ও অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | চলমান কার্যক্রমের ধারা অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। | উপকেন্দ্র প্রধান বিএফডিসি |
| ৩০. | ইউজিডিপিঃ ইউডিএফ, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প(ইউজিডিপি) জানান যে, ৫ম পর্যায়ে ইউজিডিপি প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন অবকাঠামো উপ-প্রকল্পের মধ্যে “INF-2020-21-208436-02নং উপ প্রকল্পটি (কাপ্তাই উপজেলা বিভিন্ন গুরুত্বপুর্ণ পয়েন্টে সোলার স্ট্রিট লাইট স্থাপন) যথাযথভাবে সম্পন্ন হওয়ায় বিল অনুমোদনের জন্য উত্থাপন করেন। | INF-2020-21-208436-02 নং উপ-প্রকল্প বিল বাবদ ২৫,৫৫,৭৪৮/-( পঁচিশ লক্ষ পঞ্চান্ন হাজার সাতশত আটচল্লিশ) টাকার বিল সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | উপজেলা পরিষদ ও ইউডিএফ ইউজিডিপি |
| ৩১. | হর্টিকালচার সেন্টারঃ উদ্যানতত্ত্ববিদ, হর্টিকালচার সেন্টার জানান যে, কাজু বাদাম ও কফি প্রকল্পের আওতায় সীমানা নির্মাণের কাজ ৫০% সম্পন্ন হয়েছে এবং দ্বিতল অফিস ভবন নির্মাণের কাজ আরম্ভ হয়েছে। নাসারীতে চারা-কলম উৎপাদন অব্যহত রয়েছে। | ভবনের নির্মাণের কার্যক্রম নিয়মিত পরিদর্শন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উদ্যানতত্ত্ববিদ |
| ৩২. | মার্কেটিং বিভাগঃ বাজার অনুসন্ধানকারী সভায় অনুপস্থিত। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | বাজার অনুসন্ধানকারী |
| ৩৩. | বিবিধ(ক)ঃ চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান যে, উপজেলা পরিষদ আবাসিক ভবন নং- ৬(খ), (গ), (ঘ) অনেকদিন যাবত মেরামত ও সংস্কার না করার ফলে বাসাগুলো বসবাস অযোগ্য, পরিত্যাক্ত ও জরাজীর্ন অবস্থাতে আছে। ইতোমধ্যে বাসাগুলো বরাদ্দে জন্য আবেদন পাওয়া গেছে। বরাদ্দ দিতে গেলে জুরুরি ভিত্তিতে মেরামত ও সংস্কার করা প্রয়োজন। মেরামত ও সংস্কার করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>এ বিষয়ে উপজেলা প্রকৌশলী জানান যে, বাসাগুলো সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। উক্ত বাসাগুলো মেরামত, ড্রেন মেরামত ও আশে পাশে জঙ্গল পরিস্কার এবং গাছের ডালপালা কর্তন করা প্রয়োজন। | উপজেলা পরিষদ আবাসিক ভবন নং- ৬(খ), (গ), (ঘ) এর মেরামত ও সংস্কারের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে অর্থ থাকা স্বাপেক্ষে প্রাক্কলন প্রস্তত পূর্বক ১.৫০ লক্ষ টাকার মধ্যে পিআইসি পদ্ধতিতে বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ ও উপজেলা প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | বিবিধ(খ)ঃ উপজেলা নির্বাহী অফিসার জনান যে, সোনালী ব্যাংক লিঃ এর এটিএম বুথ নির্মাণের জন্য উপজেলা পরিষদ মালিকানাধীন '৩য় শ্রেণী সরকারী কর্মচারী ক্লাব পশ্চিমে খালি জায়গা থাকায় উক্ত স্থানে বুথ নির্মাণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | উপজেলা পরিষদ মালিকানাধীন ৩য় শ্রেণী সরকারী কর্মচারী ক্লাবের পশ্চিম পার্শ্বে খালি জায়গায় জনস্বার্থে বিনা ভাড়ায় সোনালী ব্যাংক লিঃ এর এটিএম বুথ নির্মাণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |

৩৪. উপজেলা পরিষদ রক্ষণাবেক্ষণঃ উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, ২৭.০৯.২০২২খ্রিঃ তারিখ হতে ৩০.১০.২০২২খ্রিঃ তারিখ পর্যন্ত উপজেলা পরিষদ রক্ষণাবেক্ষণ খাতে নিম্নোক্ত ব্যয় হয়। ব্যয়িত ভাউচার সভায় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

| ক্র নং | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান | ভাউচার |
|---|---|---|---|
| ০১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর সেপ্টেম্বর/২২ মাসের সম্মানি ভাতা বাবদ | ৪০,০০০/- | সর্বসম্মতিক্রমে ব্যয় অনুমোদন করা হয়। |
| ০২. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর সেপ্টেম্বর/২২ মাসের সম্মানি ভাতা বাবদ | ২৭,০০০/- | |
| ০৩. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর সেপ্টেম্বর/২২ মাসের সম্মানি ভাতা বাবদ | ২৭,০০০/- | |
| ০৪. | জনাব আবুল কাসেম, মালি এর সেপ্টেম্বর/২২ মাসের বেতন বাবদ পরিশোধ | ১১,৫৫০/- | |
| ০৫. | জনাব শ্যামল মল্লিক, সুইপার এর সেপ্টেম্বর/২২ মাসের বেতন বাবদ পরিশোধ | ১০,৫০০/- | |
| ০৬. | আগষ্ট/২২ ও সেপ্টেম্বর/২২ মোট ০২ মাসের উপজেলা পরিষদ কর্মচারী প্রদেয় ভবিষ্যৎ তহবিলে জমা বাবদ | ১১,৬১৬/- | |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।

৩১/১০/২২

( মোঃ মফিজুল হক )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

**উন্নয়নের গণতন্ত্র শেখ হাসিনার মূলমন্ত্র।**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

স্মারক নংঃ ০৫.৪২.৮৪৩৬.২০৭.০১.০৫১.২২- ৪৭, তারিখঃ ৩০.১০.২০২২খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, ২৯৯- পার্বত্য রাঙ্গামাটি।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫। উপসচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা- ১শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৮। উপজেলা ........................................................................................ কর্মকর্তা, কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৯। ............................................................................................................
১০। চেয়ারম্যান, চন্দ্রঘোনা/ রাইখালী/ চিৎমরম / কাপ্তাই/ ওয়াগ্গা ইউপি, কাপ্তাই রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১১। অফিস কপি।

৩০/১০/২২

( মুনতাসির জাহান )
উপজেলা নির্বাহী অফিসার
কাপ্তাই, রাঙ্গামাটি পার্বত্য জেলা
e-mail:unokaptai@mopa.gov.bd